কুইন্টাস ফ্যাবিয়াস পিক্টরের এর জীবনী ও গ্রন্থ ও তার বিষয়বস্তু আলোচনা করো ?

কুইন্টাস ফ্যাবিয়াস পিক্টর ছিলেন প্রাচীন রোমের প্রথম স্বীকৃত ঐতিহাসিক। তার জন্ম হয়েছিল খ্রিস্ট-পূর্ব তৃতীয় শতাব্দীর মাঝামাঝি (আনুমানিক 254 খ্রিস্ট-পূর্বাব্দ)এবং মৃত্যু হয়েছিল খ্রিস্ট-পূর্ব দ্বিতীয় শতাব্দীর গোড়ার দিকে। 216 খ্রীষ্ট-পূর্বাব্দে ক্যান্নের যুদ্ধে রোমানদের পরাজয়ের পর তাকে ডেলফির দৈববাণী (অ্যাপোলো দেবতার) শ্রবণের জন্য প্রেরণ করা হয় বলে জানা যায়। ফ্যাবিয়াস পিক্টর আদি- পর্বের প্রথম উল্লেখযোগ্য ঐতিহাসিকের স্বীকৃতি অর্জন করেননি, আদি -পর্বের রোমান ইতিহাস, যাকে 'অ্যানালস ' বলে উল্লেখ করা হয়, তার প্রথম রচয়িতা হিসেবে তার নাম ইতিহাসের পাতায় উঠে এসেছে। কুইন্টাস ফ্যাবিয়াস পিক্টর তার কর্মজীবনে রোমান সেনেটের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।রোমের 'ফ্যাবিয়া' গোত্রের তিনি প্রতিনিধিত্ব করেন।

269 খ্রিস্ট-পূর্বাব্দে রোমের কনসাল পদে আসীন গৈয়াস ফ্যাবিয়াস পিক্টরের সন্তান কুইন্টাস জন্মসূত্রে রোমের একটি বিশিষ্ট অভিজাত পরিবার ভুক্ত ছিলেন। 225 খ্রিস্ট-পূর্বাব্দে গলিক যুদ্ধে তিনি অংশগ্রহণ করেন। লাইগুরিয়ানদের বিরুদ্ধে যুদ্ধে(233 খ্রীষ্ট-পূর্বাব্দে) তিনি অংশগ্রহণ করেন বলে উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় পিউনিক যুদ্ধের(238 থেকে 202 খ্রীষ্ট-পূর্বাব্দ) একটা বড় পর্বের সম্ভবত তিনি প্রত্যক্ষদর্শী ছিলেন। অন্তত ক্যান্নের যুদ্ধে (216 খ্রিস্টপূর্বাব্দ) কিছু পরও তিনি যে জীবিত ছিলেন এই রুপ প্রমাণ পাওয়া যায়, যা ইতিপূর্বেই উল্লেখ করা হয়েছে। এককথায়,রোমান প্রজাতন্ত্রের এক গৌরবজনক অধ্যায়ে, আগ্রাসী পর্বে ছিল তার অবস্থান ও বিচরণ।

কুইন্টাস ফ্যাবিয়াস পিক্টর ছিলেন গ্রিক ভাষায় পারদর্শী। গ্রীক দর্শন ও সংস্কৃতির সঙ্গে তাঁর নিবিড় পরিচয় ছিল। সম্ভবত তিনি পিথাগোরিয়ান বা স্টোয়িক দর্শনের অনুরক্ত ছিলেন।

সম্ভবত দ্বিতীয় পিউনিক যুদ্ধ চলাকালীন সময়কালে (আনুমানিক 216- 209 খ্রিস্ট -পূর্বাব্দ) কুইন্টাস ফ্যাবিয়াস পিক্টর তাঁর রচিত ইতিহাস প্রকাশ করেন। তার রচনাটির মূল নামকরণ 'De inro pontificio'। মূল গ্রন্থটি পাওয়া যায়নি। গ্রন্থখানির অতি সামান্য খন্ডাংশই বর্তমানে পাওয়া গেছে। কিন্তু পলিবায়াস, হ্যালিকারনাসাসের ডায়োনিসাস প্রমূখ গ্রিক এবং প্রখ্যাত রোমান ঐতিহাসিক লিভির বর্ণনাই গ্রন্থটির উল্লেখ আছে এবং গ্রন্থটি থেকে সংগৃহীত তথ্যকে তারা ব্যবহার করেছেন বলে দাবি করেছেন। ফ্যাবিয়াস পিক্টরের গ্রন্থের যে অংশটি পাওয়া গেছে তাতে প্রথম পিউনিক যুদ্ধের পটভূমি সংক্রান্ত একটি ক্ষুদ্র অংশ পাওয়া গেছে। হারম্যান পিটার, ফেলিক্স ল্যাকোবি' এগো এবং মার্টিন চ্যাসিগনেটা ফ্যাবিয়াস পিক্টরের রচনার খন্ডাংশগুলির মুদ্রিত সংকলন প্রকাশ করেছেন। ফ্যাবিয়াস পিক্টরের রচিত গ্রন্থটি 'গ্রেইসি অ্যানালস' বা 'ইতিবৃত্ত' নামে সাধারণভাবে ঐতিহাসিক মহলে পরিচিতি লাভ করেছে।

কুইন্টাস ফ্যাবিয়াস পিক্টর তাঁর রচিত ইতিহাস গ্রন্থটির কি নাম দিয়েছিলেন, তা জানা যায়নি। সম্ভবত এর রোমান নাম ছিল 'রোমাইকন প্র্যাক্সেইস 'বা 'Acts of Romans'। পরবর্তীকালে মূল গ্রন্থটি থেকে যখন ল্যাটিনে অনূদিত হয়, তখন এর নামকরণ করা হয় 'গ্রেসেই অ্যানালস ' বা শুধুমাত্র ' 'ইতিবৃত্ত'।

কুইন্টাস ফ্যাবিয়াস মোট কয়খানি গ্রন্থ রচনা করেন, তাও এখনও পর্যন্ত অজানা। গবেষকরা তার রচনাগুলিকে মোটামুটিভাবে তিনটি অসম খন্ডে বিভক্ত করেছেন - প্রথম খন্ডটিতে রোমের উৎপত্তির ইতিহাস লিপিবদ্ধ করা হয়েছে।

আলবা লোঙ্গার ল্যাটিন রাজা নুমিটার, যমজ ভাই রোমুলাস ও রেমুস নামক শাসকদের কথা এতে উল্লিখিত আছে।এর বিষয়বস্তু ছিল ইনিয়াসের সময় থেকে রোম নগরীর উদ্ভব প্রথম খন্ডের মূল বিষয়বস্তু। লিভির বর্ণনায়, রোম নগরীর উদ্ভব সম্পর্কে যে বিবরণ লিপিবদ্ধ আছে, তা একটা সম্ভাব্য জোরলো সূত্র ফ্যাবিয়াস পিক্টরের ইতিবৃত্ত।

পিক্টর এর 'ইতিবৃত্ত'র দ্বিতীয় খন্ডে পিউনিক যুদ্ধের পূর্ব পর্যন্ত রোমান প্রজাতন্ত্রের ধারাবাহিক ঘটনা গুলি লিপিবদ্ধ ছিল বলে অনুমান করা হয়। তৃতীয় খন্ডটি পিউনিক যুদ্ধের উপর গুরুত্ব আরোপ করে। কার্থেজিয়ানদের আচরণ ও সংঘর্ষের সূত্রপাত, কার্থেজিয়ানদের প্রতিরোধের কাহিনী বর্ণনা করতে করতে এটি প্রায় 216 বছর মতান্তরে 217 বছরের ঐতিহাসিক পথ অতিক্রম করে।

অনুমান করা হয়, পিক্টর এর ইতিবৃত্তের তৃতীয় খন্ড টিতে শুধুমাত্র বিস্তারিত আলোচনায় নানা বিষয়, ঘটনা ও বিশ্লেষণ উঠে এসেছে। প্রজাতান্ত্রিক রাষ্ট্রের প্রশাসক যে নিজ রাষ্ট্রের জন্য জন্য আত্মপক্ষ সমর্থন করবেন, সেটাই স্বাভাবিক। অতীত রোমের গৌরবগাথা বর্ণনার ক্ষেত্রে তার প্রধান প্রতিবন্ধকতা হয়ে উঠেছিল তত্ত্বের অপ্রতুলতা বা সমবিন্নত্যা। পিক্টর তার সমকালের ইতিবৃত্ত রচনার সময় অনেক বিস্তৃততর, বিশ্লেষণাত্মক আলোচনার সুযোগ পান। মূলত রোম নগরীর উদ্ভব সংক্রান্ত তথ্য এবং পিউনিক যুদ্ধের বর্ণনা ক্ষেত্রে তিনি গুরুত্ব আরোপ করেছিলেন অনেক বেশি।

পিক্টর তাঁর রচনায় একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোকপাত করেন। রোমানদের সমসাময়িক অন্যান্য উপজাতিদের সম্পর্ক, রোমান প্রজাতন্ত্রের অভ্যন্তরীণ ও পররাষ্ট্র নীতি সম্পর্কে রোমান দৃষ্টিভঙ্গি তাঁর রচনায় কষ্ট হয়ে ওঠে। পূর্বতন রোমান ইতিহাস রচনার ক্ষেত্রে তিনি 'পন্টিফেস ম্যাক্সিমাস' দের সংরক্ষিত ঘটনাপঞ্জি ও কালক্রমের সাহায্য গ্রহণ করেন। পারিবারিক মহাফেজ খানায় রক্ষিত দলিল-দস্তাবেজ ব্যবহার করে স্বীয় বর্ণনা কে তিনি সমৃদ্ধ করেন। অনেক অভিজাত দের স্মৃতিকথা কে তিনি তার 'ইতিবৃত্ত' এ স্থান দেন।

এপিরাসের রাজা পাইরুজ 280 থেকে 275 খ্রিস্টপূর্বাব্দের মধ্যে রোমান অঞ্চল আক্রমণ করার সময় গ্রিক ঐতিহাসিকরা ইতালি ও রোমের উপর দৃষ্টি নিবদ্ধ করেছিলেন। পিক্টর এই পর্বের উপর যে সমস্ত গ্রিক ঐতিহাসিকবৃন্দ আলোকপাত করেন(টিমেয়াস অফ টোরোমেনিয়াম) এবং লোগোগ্রাফার মিটিলিনির হেলানিকাস তাদের রচনার সঙ্গে পরিচিত ছিলেন। ইন্নিয়াসের কাহিনী বর্ননার জন্য তিনি আবার রোমান কাহিনীকার 'হেইরোনিমাস অফ কার্ডিয়া' এবং ডায়োক্লেস অফ পেপারেথাস-র বর্ননার উপর অনেকটাই নির্ভর করেন।

লিখিত রোমান ইতালির ও ইতালিয় কিংবদন্তি সমূহ, উত্তরাধিকারসূত্রে আগত মৌখিক ঐতিহ্য এবং এইরূপ সূত্র সমূহ সম্পর্কে তাদের স্রষ্ঠাদের ধারণা, ব্যাখ্যা এমনকি রূপকথার অলৌকিক কাহিনী গুলিকেও পিক্টর উপেক্ষা করেননি। পিক্টরের বর্ণনা পরাজিত কার্থেজিয়ান এবং যুদ্ধবন্দী দাসদের সঙ্গে রোমানদের সম্পর্ক অনেকটা স্বাভাবিক করে তোলে। ডেলব্রুক মত প্রকাশ করেছেন, ফ্যাবিয়াস পিক্টর পিউনিক যুদ্ধকে এমন ভাবে উপস্থাপিত করেন যাতে মনে হয় এটি

ছিল প্রকৃতপক্ষে কার্থেজিয়ান সেনাপতিদের সিসিলি থাকাকালীন রোমানদের বিরুদ্ধে লড়াইয়ে বীরগাথা। যে পিউনিক সেনাপতির এই যুদ্ধের উল্লেখ করেছিলেন, তাও পিক্টর তার রচনার উৎস হিসেবে ব্যবহার করেছিলেন।

Question:

Who is Fabius Pictor? Discuss his life story shortly?

What is the name of the book of Fabius Pictor?

Discuss about the book?

Why Fabius Pictor is important in Roman History?

____